

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয় এবং এর কর্মপরিধি:

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয় প্রতিরক্ষা অর্থ অধিদপ্তরের আওতাধীন সকল কার্যালয়সমূহের প্রশাসনিক প্রধান হিসেবে কাজ করে থাকে, ০৫ (পাঁচ) টি সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার, ০৫ (পাঁচ) টি ফাইন্যান্স কন্ট্রোলার, ০৬ (ছয়) টি এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার এবং ১২ (বার) টি ফিল্ড পে কার্যালয় এর অন্তর্ভুক্ত। এ কার্যালয়ে গ্রেড-১ এর ০১ (এক) জন, গ্রেড-৬ এর ০২(দুই) জন, গ্রেড-৯ এর ০৫ (পাঁচ) জন এবং গ্রেড-১০ থেকে গ্রেড-২০ পর্যন্ত ১০১ জন সহ মোট মঞ্জুরীকৃত জনবলের সংখ্যা ১১০ জন। জনাব ইকবাল হোসেন, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স তথা ডিপার্টমেন্ট প্রধান হিসেবে ২৬/০৫/২০১৯ খ্রিঃ হতে দায়িত্ব পালন করেছেন।

কর্মপরিধি :

১. প্রতিরক্ষা মন্ত্রণালয়কে আর্থিক পরামর্শ প্রদান;
২. সংশ্লিষ্ট এসএফসি'কে বাহিনী-সংক্রান্ত আর্থিক উপদেশ প্রদানে সহায়তা করা এবং প্রয়োজনে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মতামত গ্রহণ করা;
৩. সরকারী আইন, অধ্যাদেশ, বিধি-বিধান, কোডের আলোকে প্রতিরক্ষা সার্ভিসেস এর হিসাব প্রণয়ন;
৪. হিসাব সংকলন সংক্রান্ত কোড ম্যানুয়াল প্রণয়ন এবং এ সংক্রান্ত নির্দেশনা জারি করা;
৫. প্রতিরক্ষা সংক্রান্ত উপযোজন হিসাব প্রণয়ন করা;
৬. প্রতিরক্ষা অর্থ অধিদপ্তরের প্রাপ্তি ও ব্যয় সংক্রান্ত বার্ষিক সম্মিলিত হিসাব সংকলন (আর্থিক হিসাব) ও বাজেট ব্যবস্থাপনা;
৭. মাঠ পর্যায়ের অফিসসমূহ প্রতি কোয়ার্টারে আন্তঃ একবার পরিদর্শন করা।
৮. প্রতিরক্ষা নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিরীক্ষার কাজে সহযোগীতা করা;
৯. সশস্ত্র বাহিনীর সদস্য এবং বেসামরিক কর্মকর্তা-কর্মচারীদের পেনশন কেইস নিষ্পত্তিকরণ;
১০. এ সকল কার্যাবলী সম্পাদনে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা যেমন- জনবল নিয়োগ, বদলী, প্রশিক্ষণ, চাকুরীর শর্ত নিয়ন্ত্রণ, নিয়ন্ত্রাণাধীন কার্যালয়ের বাজেট সমন্বয়, সংশ্লিষ্ট সরকারী বিধি-বিধানের ব্যাখ্যা, বিনিময় হিসাব সিজিএ কার্যালয়ে প্রেরণ;
১১. সশস্ত্র বাহিনীর সদর দপ্তর, আন্তঃবাহিনী ও অন্যান্য দপ্তর এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের মধ্যে সংযোগ রক্ষা করা ইত্যাদি।